Summary of Assignment-2

A. Summary of Assignment-2

This report summarizes the Assignment-2 according to the ToR by Junior GIS Consultant (Individual Consultant) for the " Preparation of Development Plan for Meherpur Zilla " project. The assignment two has done by me is "Secondary data collection and demarcation of ongoing projects of Meherpur District". The detail process is also summarized in the Report.

Sadia
03.12.2024
(Syeda Sadia Afrin)
Junior GIS Consultant

Government of the people's Republic of Bangladesh

Ministry of Housing and Public Works

Urban Development Directorate

82 Segunbagicha, Dhaka-1000

PREPARATION OF DEVELOPMENT PLAN FOR MEHERPUR ZILLA

REPORT ON ASSIGNMENT-2

Secondary data collection and demarcation of ongoing projects of Meherpur District

November 2024

Syeda Sadia Afrin

Junior GIS Consultant

সেকেন্ডারি ডাটা সংগ্রহের জন্য সরকারী অফিস সমূহ পরিদর্শনঃ

সূচনাঃ নগর উন্নয়ন অধিদপ্তর থেকে গৃহীত মেহেরপুর জেলা মাস্টার প্ল্যানের কার্যক্রম অনুযায়ী আমি বিভিন্ন সরকারি অফিসে তথ্য সংগ্রহের জন্য গিয়েছিলাম। সরকারি অফিস পরিদর্শনের অংশ হিসেবে আমি মেহেরপুর জেলা তে ২৩-১১-২০২৪ থেকে ২৭-১১-২৪ তারিখ পর্যন্ত অবস্থান করি। এই সময়ে আমি বিভিন্ন সরকারি অফিসে পরিদর্শনে গিয়েছিলাম এবং উর্ধদতন কর্মকর্তাদের সাথে সৌজন্য সাক্ষাত করি। উর্ধদতন কর্মকর্তাদের সাথে সাক্ষাতের সময় তাদের বর্তমানে কতগুলো সরকারি প্রকল্প চলমান আছে, তাদের ভবিষ্যৎ পরিকল্পনা, মেহেরপুর জেলা মাস্টার প্ল্যান সম্পর্কে তাদের অভিমত এবং কিভাবে তারা আমাদের এই মেহেরপুর জেলা মাস্টার প্ল্যান প্রকল্পে সহায়তা করতে পারে সেই সম্পর্কে অবগত হই। এই রিপোর্টে আমি সেই সম্পর্কে আলোকপাত করি। নিচে একটি ম্যাপ দেওয়া হল যেই সরকারি অফিসগুলোতে পরিদর্শন করি।

Location of Visited Govt. Offices of Meherpur



স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), মেহেরপুর সদরঃ

সাব্বির-উল-ইসলাম, উপজেলা প্রকৌশলী মেহেরপুর সদরঃ

মেহেরপুর সদরের বড় বাজার এলাকার সড়কগুলো অত্যন্ত সংকীর্ণ, রাস্তার পাশে জমিও নাই, সড়কগুলো প্রশস্তকরণের জন্য বাজার এলাকাটাকে অন্য কোথাও স্থানান্তর করা একান্ত জরুরী। শহরের পাশাপাশি গ্রামের দিকেও বাজার এলাকাতে জলাবদ্ধতা হয়, গ্রামীণ সড়কগুলো থেকে বাড়িগুলো উচু জায়গায় হওয়ায় সড়কে পানি জমে জলাব্ধতা হয়, যার কারণে গ্রামেও ইদানিং ড্রেনের প্রয়োজন।

জেলা শিক্ষা অফিস, মেহেরপুরঃ

মো:আব্বাস উদ্দীন, জেলা শিক্ষা অফিসার, মেহেরপুরঃ

শিক্ষা অফিসের কাজ জেলার শিক্ষার মান উন্নয়ন করা। অবকাঠামোগত কোন উন্নয়ন জেলা শিক্ষা অফিস করে না। শিক্ষা অফিসের কাজ প্রধানত শিক্ষার গুনগত মানোন্নয়ন, শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন, বিভিন্ন পাবলিক পরীক্ষা তদারকি, শিক্ষকদের ট্রেনিং, বদলি ও দক্ষতা বৃদ্ধি ইত্যাদি।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মেহেরপুরঃ

মোঃ সরোয়ার আলম, সহকারি পরিচালক, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মেহেরপুরঃ

মেহেরপুর কৃষি উন্নয়ন কর্পোরেশনের আওতায় ৫৫৫০ এর উপরে নিবন্ধিত চাষী রয়েছে। বোরো, আউশ, আমন এবং গম এই চারটি মৌসুম বীজ বিতরণ ও সংগ্রহ করা হয়। বোরো মৌসুমে ২৮০০ মেট্রিক টন ধান উতপাদন হয়েছে। প্রতি মৌসুমে পার একর ১০ কেজি বাজ দেয়া হয় এবং ১০০০ কেজি উৎপাদন লক্ষমাত্রা নির্ধারণ করা হয়। মেহেরপুরে ৩ টি ইউনিটে ৯টা ব্লক রয়েছে। মোট চুক্তিবদ্ধ জমি ৯৬৪০ একর। বেশিরভাগ জমি ২ এবং ৩ ফসলি, কিছু জমি ৪ ফসলিও রয়েছে এই জেলায়।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুরঃ

শামসুল আলম, জেলা প্রশিক্ষণ অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুরঃ

এক কথায় প্রযুক্তি হস্তান্তর করা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রধান কাজ। বর্তমানে প্রত্যেক ইউনিয়নে ৩টা করে মোট ৫৬ টা ব্লক রয়েছে এবং নতুন দুইটি ইউনিয়নে আরও ৬ টি ব্লকের কাজ চলমান রয়েছে। প্রতিটি ব্লকে প্রায় ৮০০-১২০০ কৃষক পরিবার রয়েছে। মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় মোট জমির পরিমাণ ৫৮৫০৭ হেক্টর। বীজের সম্প্রসারণ করাও এই অধিদপ্তরের অন্যতম কাজ। এ বছর প্রায় ১১০০ টন গমের বীজ দেয়া হয়েছে।

এক নজরে মেহেরপুর জেলার কৃষি পরিসংখ্যান

১। সাধারণ তথ্য

ক) মোট এলাকা ৭৫১৬২ হেক্টর (৭৫১.৬২ বর্গ কিলোমিটার)।
খ) উপজেলার সংখ্যা ০৩ টি।
গ) পৌরসভার সংখ্যা ০২ টি।
ঘ) ইউনিয়নের সংখ্যা ২০ টি।
ঙ) ওয়ার্ডের সংখ্য ১৮০ টি।
চ) গ্রামের সংখ্যা ২৮১ টি।
ছ) মৌজার সংখ্যা ১৯৪ টি।
জ) ব্লকের সংখ্যা ৫৬ টি।

২। জনসংখ্যা

মোট ৭০৫৩৫৬ জন (২০২১ এর আদমসুমারি অনুযায়ী)
জনসংখ্যা বৃদ্ধির হার ১.২০%।

৩। খাদ্য পরিস্থিতি (২০২৩)

ক) খাদ্য প্রয়োজন (জনপ্রতি দৈনিক ৪৪২ গ্রাম হিসেবে) ১১৩৭৯৫ মে.টন।
খ) বীজ, গো-খাদ্য ও অপচয় (খাদ্য প্রয়োজনে ১১.৫৮% ধরে) ১৩১৭৮ মে.টন।
গ) মোট খাদ্য চাহিদা (ক+খ) ১২৬৯৭৩ মে.টন।
ঘ) মোট খাদ্য উৎপাদন (চাউল+গম+ভুট্টা) ৩২৯৩৩০ মে.টন।
(আউশ+রোপা আমন+বোরো+গম+ভুট্টা)
ঙ) খাদ্য উদ্বৃত্ত ২০২৩৫৭ মে.টন।

৪। জমির পরিমানঃ

ক) মোট আবাদযোগ্য জমির পরিমান (খ+গ+ঘ) ৫৮৫০৭ হেক্টর।
খ) আবাদী জমি (বর্তমানে আবাদে আছে এমন জমি) ৫৮৫০৭ হেক্টর।
গ) স্থায়ী পতিত জমি (বিগত ৫ বছরে আবাদ হয়নি এমন জমি) ০০ হেক্টর।
ঘ) সাময়িক পতিত (কোন কারনে পুরা ১ বছর আবাদ হয়নি এমন জমি) ০০ হেক্টর।
ঙ) জলাশয় ২০৫৫ হেক্টর।
চ) স্থায়ী ফল বাগান ৩০৩৮ হেক্টর।
ছ) বনভুমি ১২ হেক্টর।
জ) শহর অঞ্চল ২৭৯ হেক্টর।
ঝ) বাড়ি ঘর ৮০৪৬ হেক্টর।
ঞ) রাস্তাঘাট, অবকাঠামো ও অন্যান্য স্থাপনা ৩২২৫ হেক্টর।
মোট আয়তন (ক্রমিক নং ১ এর 'ক' এর সমান) ৭৫১৬২ হেক্টর।

৯। এইজেড অনুযায়ী জমির পরিমান (হেঃ)

এইজেড নং- ১১
জমির পরিমান ৫৮৫০৭ হেঃ

১০। মাটির গঠনগত বৈশিষ্ট অনুযায়ী কৃষি জমির পরিমান (এসআরডিআই গ্রন্থ অনুসরনীয়)

ক) এটেল মাটি ১৬৩১২ হেক্টর।
খ) এটেল দো-আশ মাটি ১২৮৫২ হেক্টর।
গ) দো-আশ মাটি ২২৮০৪ হেক্টর।
ঘ) বেলে দো-আশ মাটি ৬৫৩৯ হেক্টর।
ঙ) বেলে মাটি ০০ হেক্টর ।
মোট ঃ (ক্রমিক নং ৪ এর ক এর সমান) ৫৮৫০৭ হেক্টর।

৫। কৃষক পরিবারের সংখ্যা (জন) ঃ

ক) ভুমিহীন ২২৫১২ জন।
খ) প্রান্তিক ৪৪১৩৫ জন।
গ) ক্ষুদ্র ৫৪৯২৮ জন।
ঘ) মাঝারী ২১৯৬৮ জন।
ঙ) বড় ২৬৫৭ জন।
মোট চাষী ১৪৬২০০ জন।

৬। জমির ব্যবহার ঃ

ক) নীট ফসলী জমি (ক্রমিক নং ৪ এর খ এর সমান) ৫৮৫০৭ হেক্টর।
খ) এক ফসলী জমি ২২৩৬ হেক্টর।
গ) দুই ফসলী জমি ১৫২৪৬ হেক্টর।
ঘ) তিন ফসলী জমি ৪০০১০ হেক্টর।
ঙ) চার ফসলী জমি ১০১৫ হেক্টর।
চ) চারের অধিক ফসলী জমি ০ হেক্টর।
ছ) মোট ফসলী জমি ১৫৬৮১৮ হেক্টর।
জ) ফসলের নিবিড়তা ২৬৮%।
ঝ) জমি ব্যবহারের ঘনত্ব ৭৮%।

৭। আবাদযেগ্য ভূমির শ্রেণী বিন্যাস (হেঃ)

ক) উচু জমি ১৯৯৯৬ হেক্টর।
খ) মাঝারী উচু জমি ২৯১২৭ হেক্টর।
গ) মাঝারী নিচু জমি ৬৩৪৫ হেক্টর।
ঘ) নিচু জমি ৩০৩৯ হেক্টর।
ঙ) অতি নিচু জমি ০ হেক্টর।
মোট জমি (ক্রমনং ৪ এর ক এর সামান)

৮। সেচ যন্ত্র ব্যবহার (২০২৩-২৪) ঃ

সেচ যন্ত্রের নাম	সংখ্যা (টি)	সেচকৃত জমি (হেঃ)
ক) গভীর নলকুপ	১৩৪	৯৫৪৩
খ) অগভীর নলকুপ	৩৩৯৫৫	৪৭৭৮৪
গ) পাওয়ার পাম্প	১৭	৩০০
ঘ) অন্যান্য/জিকে	৮০	৮৮০
মোট ঃ	৩৪১৮৬	৫৮৫০৭

পৌরসভা অফিস, মেহেরপুরঃ

শহীদুল, পৌর নকশাকার, পৌরসভা অফিস, মেহেরপুর:

জলাবদ্ধতার অন্যতম কারণ ড্রেনের গভীরতা কম। সর্বোচ্চ এক মিটার গভীরতার ড্রেন আছে। পানির সমস্যার প্রধান কারণ হলো লাইনগুলো অনেক পুরাতন, আর আয়রন বেশি বলে সাপ্লাই-এ সমস্যা। সর্বোচ্চ ৪ ইঞ্চির পাইপ দিয়ে পানির সংযোগ দেয়া আছে, কিন্তু আয়রনের কারণে বর্তমানে সেগুলো ১-১.৫ ইঞ্চি হয়ে গেছে, যা পরিষ্কার করাও সম্ভব নয়। ফলে পানির পাইপ নতুন করে সংযোগ দেয়া ছাড়া পানির সমস্যার ফলপ্রসূ সমাধান হবে না।সমস্যা সমাধানের জন্য প্রস্তাব দেয়া হয়েছে,যেটা আপাতত প্রক্রিয়াধীন আছে।



সড়ক ও জনপথ অধিদপ্তর:

Project Name: Improvement of Kushtia to Meherpur Part of Kushtia (Trimohoni)-Meherpur-Chuadanga-Jhenaidah Road (R-745) to appropriate Standard and width.

Project Length: 53.14 Km

In Kushtia Part: 23.179 Km

In Chuadanga Part: 29.961 Km

Initiative Ministry/ Division: Ministry of Road Transport and Bridges/Road Transport and Highways Division

Implementing Agency: Roads and Highways Department

Project Estimation Cost: 64302.24 Lac BDT

প্রকল্পের উদ্দেশ্যঃ

১) কুষ্টিয়া সদর উপজেলা, মিরপুর উপজেলা, গাংনী উপজেলা এবং মেহেরপুর সদর উপজেলার মধ্যে সরাসরি উন্নত সড়ক যোগাযোগ স্থাপন;

২) একটি নিরাপদ, টেকসই এবং ব্যয় সাশ্রয়ী সড়ক নেটওয়ার্ক স্থাপন করা।

প্রকল্পের লক্ষমাত্রাঃ

১) প্রকল্প এলাকার জনগনের দারিদ্র বিমোচন

২) প্রকল্প এলাকার জনগনের স্বাক্ষরতার হার বৃদ্ধি করাসহ বেকারত্ব দূরীকরণ;

৩) দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি গুরুত্বপূর্ণ অবদান রাখা।

জেলা খাদ্য অফিসঃ

মেহেরপুর জেলা খাদ্য অফিস মূলত প্রান্তিক কৃষকদের কাছ থেকে ধান, চাল, গম সংগ্রহ করে থাকে। সরকার থেকে নির্দিষ্ট করে দেয়া মূল্য দিয়ে এইসব ফসল সংগ্রহ করে থাকে জেলা খাদ্য অফিস। তবে বেশীরভাগ সময় প্রান্তিক কৃষকদের কাছ থেকে সরকারি মূল্য দিয়ে ধান সংগ্রহ করে থাকে এবং চুক্তিভিত্তিক মিলগুলো চাল সরবরাহ করে থাকে জেলা খাদ্য অফিসে। মেহেরপুর জেলাতে তিনটি সরকারি গুদাম আছে। টিসিবি'র জন্য চাল জেলা খাদ্য অফিস থেকে সরবরাহ করে থাকে।

এই গুদামগুলোর সক্ষমতাসহ তথ্য নিচে দেওয়া হলঃ

নাম	সক্ষমতা (মেট্রিক টন)
মেহেরপুর সদর উপজেলা এল এস ডি	৩০০০
গাংনী সদর উপজেলা এল এস ডি	২০০০
আমঝুপি এল এস ডি	১০০০

Meherpur Electric Supply, WZPDCL, Meherpur:

মেহেরপুর পৌরসভাতে তারা বিদ্যুৎ সরবরাহ করে থাকে। পুরো পৌরসভাতে তারা ১০০% বিদ্যুৎ সরবরাহ করেছে। বর্তমানে 9MW বিদ্যুৎ এর চাহিদা আছে। তারা ৩০-৪০ মিটার পর পর ইলেক্টিক পোল বসিয়েছে। তাদের 33KV হাই টেনশন লাইন আছে যা কিনা চুয়াডাঙ্গা থেকে আসছে। তাদের গ্রাহকদের মধ্যে ৩৫% গ্রাহক প্রিপেইড মিটার ব্যাবহার করে থাকে এবং ৬৫% গ্রাহক পোস্টপেইড মিটার ব্যাবহার করে থাকে। নিচে তাদের থেকে প্রাপ্ত একটি তথ্য দেওয়া হল যেখানে বিদ্যুতের লাইনের দৈর্ঘ, ইলেক্ট্রিক পোলের সংখ্যা, সাবস্টেশন এর সংখ্যা, ট্রান্সফোর্মের সংখ্যা আছে।



West Zone Power Distribution Company Limited

S&D/ESU wise data, _____ Circle.

Sl. No.	Name of Circle	Name of the S&D/ESU	Area (Sq.Km)	Number of Consumers (Nos.)	33 KV Line		Number of 33/11kV Substation (Nos.)	33/11kV Substation		
					33 KV Line (km)	Number of Poles (Nos.)		Name	Capacity(MVA)	Number of Feeder (Nos.)
0	O & M Circle,Kushtia	Meherpur Esu	27	19607	33*2=66	798	1	Meherpur	2*10/13.3	7
Mherpur ESU			27	19607	66	798	1			7

11kV Feeder										
Name	Length of Feeder(Km)				Number of Poles(Nos.)				Number of Distribution Transformer	Number of Consumers (Nos.)
	11 kV	11/0.4 kV	0.4 kV	Total	11 kV	11/0.4 kV	0.4 kV	Total		
Court	1.87	11.22	27.3	40.39	53	320	632	1005	14	4401
Hotelbazar	1.3	9.1	13.5	23.9	37	198	337	572	16	3488
College	2	8.27	6.4	16.67	57	236	187	480	8	1265
Borobazar	0.3	6.81	16.1	23.21	30	195	362	587	26	5554
Kalacadpur	2.5	10.1	25.2	37.8	71	288	598	957	17	4134
Hospital	4.5	0.5	0.5	5.5	101	14	13	128	7	263
BSCIC	2	4	2	8	50	85	84	219	5	434
7	14.47	50	91	155.5	399	1336	2213	3948	93	19539

জেলা প্রাণীসম্পদ অফিস

মেহেরপুর জেলা প্রাণীসম্পদ অফিস মূলত এই জেলার প্রানীসম্পদের সংখ্যা, টীকা প্রদান করা এবং বিভিন্ন কর্মশালা আয়োজন করে থাকে। এই কর্মশালা গুলোতে বেশীরভাগ ক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণ বেশি হয়ে থাকে। একটি পরিবারে তিনটি গরু থাকলে, সেইটাকে পারিবারিক খামাড় বলে থাকে। এই জেলাতে প্রায় ২০টি ব্যাবসায়িক গরুর খামাড় রয়েছে। মেহেরপুর জেলাতে ছাগল পালনের সংখ্যাটা বেশি। প্রানীসম্পদ অফিসের তথ্যমতে ছাগলের বেল্ট বলা হয় মেহেরপুর জেলাকে। তাছাড়া গাড়ল পাওয়া যায় এই মেহেরপুর জেলাতে।

পোলট্রি ফার্মের সংখ্যা ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে এই জেলাতে। নিচে একটি ছক আকারে এই পোলট্রি ফার্মের তথ্য দেওয়া হল যা কিনা আমরা মেহেরপুর জেলা প্রানীসম্পদ অফিস থেকে প্রাপ্ত।

নাম	মোট খামার	বর্তমানে চালু খামার
লেয়ার মুরগি	৩২৪	২৯৩
ব্রয়লার মুরগি	৯৪০	৮৪৯
সোনালি মুরগি	১৩০	১২১

টীকার ক্ষেত্রে জেলা প্রানীসম্পদ অফিস পর্যাপ্ত পরিমাণে সরবরাহ করে থাকে। নিচে টীকা সম্পর্ক একটি তথ্য দেওয়া হলঃ

নাম	ডোজ সংখ্যা
গরু\ছাগল	৪৬৬০০০
হাস\মুরগি	১৭৫২০০০

টীকার ক্ষেত্রে, রানীক্ষেত টীকা মুরগিকে দিয়ে থাকে জেলা প্রানীসম্পদ অফিস। এই টীকাটা ৪ মাস পর পর দিয়ে থাকে। গরুর ক্ষেত্রে এনথ্রাক্স টীকাটা বছড়ে একটা দিয়ে থাকে। তাছাড়া গরু, ছাগলের ক্ষেত্রে বুস্টার ডোজ দিয়ে থাকে প্রাণীসম্পদ অফিস। ছাগলের ক্ষেত্রে ফ্রি পি পি আর টীকা দিয়ে থাকে। তাছাড়া গোটপোক্স টীকা দিয়ে থাকে প্রানীসম্পদ অফিস।

জেলা প্রানীসম্পদ অফিস জেলা যুবউন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে প্রানীসম্পদের বিভিন্ন ধরণের কর্মশালা আয়োজন করে থাকে। এইসব কর্মশালায় যুবকদের আগ্রহটা বেশি দেখা যায়। তাছাড়া বিভিন্ন ধরণের গ্রাম পর্যায় ট্রেনিং, লিফলেট বিতরণ করে থাকে জেলা প্রানীসম্পদ অফিস।

পরিদর্শিত অফিস সমূহ এর তালিকাঃ

Sl. No.	Name of Offices	সরকারি অফিস সমূহের তালিকা	কার্যালয় প্রধান
1	District Education Office.	জেলা শিক্ষা অফিস	জেলা শিক্ষা কর্মকর্তা
2	District Food Office	জেলা খাদ্য অফিস	জেলা খাদ্য নিয়ন্ত্রক
3	Department Of Agriculture Extension.	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	উপপরিচালক
4	District Livestock Office.	জেলা প্রাণিসম্পদ অফিস	জেলা প্রাণিসম্পদ অফিসার
5	LGED	এলজিইডি	নির্বাহী প্রকৌশলী
6	Meherpur Electric Supply, WZPDCL, Meherpur	মেহেরপুর বিদ্যুৎ সরবরাহ, মেহেরপুর	নির্বাহী প্রকৌশলী
7	Road and Highways Department.	সড়ক ও জনপথ অধিদপ্তর	নির্বাহী প্রকৌশলী
8	Paurashava office	পৌরসভা অফিস	প্রশাসক
9	Bangladesh Agricultural Development Corporation	বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন	উপপরিচালক